

বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ

(শিক্ষা মন্ত্রণালয়)

ঢাকা।

স্মারক নং -বেশনিক/পরীক্ষা গ্রহণ/৩-বিবিধ/২০০৫/৫,

তারিখ : ২১/৯/২০০৫

বিজ্ঞাপন

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫ অনুযায়ী দেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক পদে নিয়োগের জন্য সংশ্লিষ্ট প্রার্থীকে বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষে নিবন্ধিত হতে হবে এবং উক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন ব্যতীত কেহ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক পদে নিয়োগের যোগ্য হবেন না।

২। এক্ষণে, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ(এন টি আর সি এ) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করছে:

প্রতিষ্ঠানের শ্রেণী	পদের নাম	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা
কলেজ ও মাদ্রাসা (মাদ্রাসার ক্ষেত্রে আলিম ও ফাজিল তরের জন্য)	প্রভাষক (বাংলা, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজ কল্যাণ, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণীবিদ্যা)	সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং এস এস সি, এইচ এস সি এবং ডিগ্রী(পাল)/ তিন বছর মেয়াদী অনার্স পরীক্ষাসমূহের যে কোন দুটিতে অন্ততঃ দ্বিতীয় বিভাগ/শ্রেণী। অথবা, এস এস সি এবং এইচ এস সি পরীক্ষার যে কোন একটিতে অন্ততঃ দ্বিতীয় বিভাগ/শ্রেণীসহ সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণীর স্নাতক(সম্মান) ডিগ্রী।
	প্রভাষক (আরবী)	দ্বিতীয় শ্রেণীর কামিলসহ দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষাসমূহের যে কোন দুটিতে অন্ততঃ দ্বিতীয় বিভাগ/শ্রেণী।
নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং দাখিল মাদ্রাসা	সহকারী শিক্ষক (বাংলা)	বাংলা বিষয়সহ স্নাতক ডিগ্রী ও বি এড অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে সমগ্র শিক্ষা জীবনে একটির বিশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
	সহকারী শিক্ষক (ইংরেজী)	৩০০ নম্বরের ইংরেজী পাঠ্যবিষয়সহ স্নাতক ডিগ্রী ও বি এড অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে সমগ্র শিক্ষা জীবনে একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
	সহকারী শিক্ষক (গণিত)	গণিতসহ স্নাতক ডিগ্রী ও বি এড অথবা, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে সমগ্র শিক্ষা জীবনে একটির বেশি তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
	সহকারী শিক্ষক (কৃষি)	কৃষি/কৃষি অর্থনীতি/মৎস/পশুপালন/কৃষি প্রকৌশল/জীববিদ্যা/উদ্ভিদ বিদ্যা/মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা ডিডিএম অথবা চার বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
	সহকারী শিক্ষক (গার্হস্থ্য অর্থনীতি)	সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
	সহকারী শিক্ষক (সাধারণ বিজ্ঞান)	স্নাতক পর্যায়ে পাঠ্যবিষয় হিসাবে পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান ও প্রাণীবিদ্যা বিষয়সমূহের যেকোন তিনটি বিষয়সহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রী ও বি এড অথবা উল্লিখিত বিষয়সমূহের যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
	সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান)	স্নাতক পর্যায়ে পাঠ্যবিষয় হিসাবে অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস ও ভূগোল এর যেকোন এক বা একাধিক বিষয়সহ স্নাতক ও বি এড অথবা, উল্লিখিত বিষয়সমূহের যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা, সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী। তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।
সহকারী শিক্ষক (ধর্ম-ইসলাম ধর্ম) / সহকারী মৌলভী	দ্বিতীয় শ্রেণীর ফাজিল ও বি.এড অথবা, কামিল ডিগ্রী। তবে, সমগ্র শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়।	
এস এস সি (ভোকেশনাল)	টেড ইন্সট্রাক্টর - (অডিও ভিডিও সিস্টেম, কম্পিউটার, ডেস মেকিং এন্ড টেলিফোনিং, ডাইং- প্রিন্টিং এবং ফিনিশিং, ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্ক, ফুড প্রসেসিং এন্ড প্রিজারভেশন, জেনারেল মেকানিক্স, উইল্ডিং, ওয়েলডিং এন্ড ফেব্রিকেশন)	কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট টেকনোলজীতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং বা ডিপ্লোমা-ইন- ভোকেশনাল এডুকেশন বা উহার সমমানসহ সর্বমুখ্য পরীক্ষার ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা বিভাগ

৩। প্রার্থীকে ১০০ নম্বরের আবশ্যিক বিষয়(বাংলা-২৫, ইংরেজী-২৫, অংক-২৫, সাধারণ জ্ঞান-২৫); এবং (খ) ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়ে (প্রার্থীর পঠিত বিষয় যা পদের সাথে সংশ্লিষ্ট) সংশ্লিষ্ট ও রচনামূলক প্রশ্নের লিখিত পরীক্ষা দিতে হবে। প্রতি বিষয়ে পরীক্ষার সময় ব্যাপ্তি হবে তিন ঘণ্টা এবং প্রতি বিষয়ে উত্তীর্ণ মান ৪০ নম্বর।

এসকল ফর্ম সংগ্রহ করতে হবে এবং আবেদনপত্র জমা দেওয়া হবে।

অগোবর, ২০০৫ তারিখের মধ্যে আবেদন গ্রহণ করা হবে:

ঠিকানা: "সদস্য (মুদ্রাণ ও প্রকাশনা) বিভাগ, বাংলাদেশ সরকার, বাংলাদেশ সরকার, ঢাকা।"

স্বাক্ষর